

Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 14 June, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) একাডেমিক শাখার উপ-রেজিস্ট্রার ও বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতির সভাপতি মো. দেওয়ান টিপুর সুলতান ব্রেইন স্ট্রোক করে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। শুক্রবার ১৩ (জুন) বিকেলে ঢাকার এভার কেয়ার হসপিটালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

মরহমের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ, উপ-উপাচার্য প্রফেসর ড. এম. এয়াকুব আলী, কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম ও রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ মনজুরুল হক।

বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে শোকবার্তায় তারা মরহমের আত্মার মাগফেরাত কামনা করেন ও শোকসন্তপ্ত পরিবার, সহকর্মী, শিক্ষার্থী এবং অগণিত শুভানুধ্যায়ীর প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

বার্তায় বলা হয়, মহান আল্লাহ যেন তাকে ক্ষমা করেন, তাকে জান্নাতুল ফেরদৌসের সর্বোচ্চ স্থানে সমাসীন করেন ও তার পরিবারকে এই শোক সহ্য করার শক্তি দান করেন।

ইসলামী বিশ্ববিদ্যালয় লোকপ্রশাসন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশন থেকে জানানো হয়েছে, ১৪ জুন সকাল ১১ টায় টিপুর প্রথম জানাযা ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। বাদ যোহর কুষ্টিয়া হাউজিং-এ ২য় জানাযা শেষে দাফন সম্পন্ন হবে। ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত জানাযায় অংশগ্রহণের সুবিধার্থে কুষ্টিয়া থেকে ৪টি ও বিনাইদহ থেকে দুটি বাস সকাল সাড়ে ৯টায় ছেড়ে যাবে।

উল্লেখ্য, দেওয়ান টিপুর বাড়ি কুষ্টিয়ার দৌলতপুর উপজেলায়। তিনি ইসলামী বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের শিক্ষার্থী ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও দুই সন্তান রেখে গেছেন।